

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
 ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক: ৫১.০১.০০০০.০৪১.৩১.০৩৬.২১.২৬১

তারিখ: ২৮-০৮-২০২৪ খ্রি.

বিষয়: জেলা ও উপজেলা পর্যায়ে ওয়েবপোর্টালসমূহ হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৫.১.২ অনুসারে আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ নিশ্চিতকরণের বিষয়টি উল্লেখ রয়েছে। a2i এর সহযোগিতায় জেলা পর্যায়ে জেলা প্রশাসনের তত্ত্বাবধানে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের পোর্টাল ও উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের পোর্টাল তৈরি করা হয়েছে। পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। ওয়েব পোর্টাল সমূহ হালনাগাদ না থাকায় সঠিক তথ্যাদি পাওয়া যায় না। এতে দৈনন্দিন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

০২। এমতাবস্থায়, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে স্বীয় দপ্তর ও তাঁর অধীন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।


 (রেজওয়ানুর রহমান)

মহাপরিচালক

ফোন: ৮৮০-২-৯৮৬০১৩০

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

..... (সকল)

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. চীফ ইনোভেশন অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. প্রোগ্রামার/ প্রোগ্রামার (চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
৭. অফিস কপি/ গার্ড ফাইল।